

তারিখ: 26/05/2014

## ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক তাদের নামে ভূমো ওয়েবসাইট সম্পর্কে সতর্কতা বার্তা

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের নজরে এসেছে কিছু অচেনা ব্যক্তি কর্তৃক ভূমো ওয়েবসাইট <http://www.rbi-inonline.org/savings.html> তৈরি করা হয়েছে যা বিভিন্ন ধরনের ব্যাঙ্কিং পরিষেবা দানের প্রস্তাব দিয়ে “আরবিআই সেভিংস এ্যাকাউন্ট” খোলার জন্য সাধারণ জনগণকে অন-লাইন আবেদন করতে বলছে।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক স্পষ্ট করে জানায় যে ভারতের কেন্দ্রীয় ব্যাঙ্ক হিসেবে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক অন্যান্য বাণিজ্যিক ব্যাঙ্কের মত পরিষেবা দেয় না, যেমন সেভিংস ব্যাঙ্ক এ্যাকাউন্ট, কারেন্ট এ্যাকাউন্ট অথবা ক্রেডিট কার্ড ইত্যাদি ইত্যাদি। অতঃপর, ভূমো সাইটে যেমন বলা হয়েছে রিজার্ভ ব্যাঙ্কের পক্ষে সেই ধরনের অনলাইন ব্যাঙ্কিং পরিষেবা দেওয়ার প্রলম্বই ওঠে না। ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক জনগণকে সতর্ক করে দিয়েছে যে তাঁরা যেন জাল ওয়েবসাইট কর্তৃক প্রস্তাবিত মিথ্যা প্রস্তাবের শিকার না হন। জনগণকে রিজার্ভ ব্যাঙ্ক আরও সতর্ক করে দিয়েছে যে উক্ত ওয়েবসাইটে আবেদন করার ফলে কেউ তাঁর ব্যক্তিগত গুরুত্বপূর্ণ তথ্য অন্যদের কাছে প্রকাশ করে ফেলতে পারেন যার অপব্যবহারের দরুন তাঁর আর্থিক বা অন্যান্য ক্ষতি হতে পারে।

জনগণ ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের আনুষ্ঠানিক ওয়েবসাইট [rbi.org.in](http://rbi.org.in) দেখতে পারেন এবং সেখানে পূর্বে জারি করা প্রেস বিজ্ঞপ্তিগুলির শিরোনাম ঘুরে ঘুরে দৃশ্যমান হয় এবং সেখানে তাঁরা রিজার্ভ ব্যাঙ্ক এবং তার গভর্নর এবং অন্যান্য বরিষ্ঠ আধিকারিকদের নামে পাঠানো বিপুল টাকার বিভিন্ন ধরনের ভূমো প্রস্তাব দেখতে পাবেন এবং জানতে পারবেন এই ধরনের প্রস্তাব পেলে কী করতে হবে।

অল্পনা কিলাওয়াল  
প্রধান মুখ্য মহাপ্রবন্ধক

### প্রেস বিজ্ঞপ্তি: 2013-2014/2290

এই বিষয়ে প্রেস বিজ্ঞপ্তি / বিজ্ঞপ্তি	
অক্টোবর 15, 2012	আরবিআই জনগণকে তাদের নামে পাঠানো নকল মেলে সাড়া না দেওয়ার জন্য সতর্ক করে
সেপ্টেম্বর 14 2012	আপনার ইন্টারনেট এ্যাকাউন্টের বিশদ বিবরণ জানতে চেয়ে কোন মেলে এলে উত্তর দেবেন না: জনগণের প্রতি আরবিআই-এর সতর্কতা বার্তা
মে 21, 2012	ফিশিং মেলে বিষয়ে আরবিআই-এর সতর্কতা বার্তা
ফেব্রুয়ারি 06, 2012	আরবিআই জনগণকে ভূমো প্রস্তাব সম্পর্কে সতর্ক করছে
এপ্রিল 05, 2011	আরবিআই কখনো আপনার ব্যাঙ্ক এ্যাকাউন্ট সম্পর্কে বিশদ বিবরণ জানতে চায় না
ফেব্রুয়ারি 15, 2011	বিদেশ থেকে বিপুল অর্থ পাওয়ার জন্য টাকা দেবেন না: আরবিআই-এর সতর্কতামূলক বিবৃতি

<b>মে 28, 2010</b>	অর্থ হস্তান্তরণের ভূমো প্রস্তাবের শিকার হবেন না:আরবিআই-এর সতর্কতামূলক বিবৃতি
<b>মে 26, 2010</b>	লটারি, অর্থ সংবহন প্রকল্প এবং সম্ভায় অর্থ প্রাপ্তির ভূমো প্রস্তাবের জন্য অর্থপ্রেরণ
<b>জুলাই 30, 2009</b>	ভূমো প্রস্তাব/লটারি জেতা/সম্ভায় অর্থপ্রাপ্তির প্রস্তাব সম্পর্কে সাবধান: আরবিআই
<b>ডিসেম্বর 07, 2007</b>	আরবিআই জনগণকে বিদেশ থেকে সম্ভায় অর্থ প্রাপ্তি সম্পর্কে সতর্ক করছে